# Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 15 April, 2025

নেত্রকোণার খালিয়াজুরী উপজেলায় হাওরের তিনটি পৃথক স্থানে বজ্রপাতে তিনজনের মৃত্যু হয়েছে।মঙ্গলবার (১৫ এপ্রিল) বিকেলে এ ঘটনা ঘটে বলে স্থানীয় একাধিক সূত্র নিশ্চিত করেছে।

নিহতরা হলেন–মেন্দিপুর ইউনিয়নের রসুলপুর গ্রামের সুন্দর আলীর ছেলে নিজাম উদ্দীন (২৫), কৃষ্ণপুর ইউনিয়নের কৃষ্ণপুর গ্রামের রমজান আলীর ছেলে কবির হোসেন (৪০) এবং নগর ইউনিয়নের হায়াতপুর গ্রামের মৃত রশিদ সরকারের ছেলে রাখাল সরকার (৬৫)।

স্থানীয় সূত্রে জানা গেছে, নিজাম উদ্দীন বিকেলে সুইসগ্যাট হাওরে কাজ করতে গেলে বজ্রপাতের শিকার হন।এসময় তার সঙ্গে থাকা একই গ্রামের রানু মিয়া ওরফে রানু পাগলা আহত হন।

অন্যদিকে, কবির হোসেন পায়ার হাওর থেকে ধান কেটে ফেরার সময় বজ্রপাতের শিকার হন।স্থানীয়রা তাকে উদ্ধার করে সুনামগঞ্জের ধরমপাশা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়ার পথে তিনি মারা যান।

এছাড়া, হায়াতপুর গ্রামের রাখাল সরকার হাওর থেকে গরু নিয়ে বাড়ি ফেরার পথে বজ্রপাতে নিহত হন।

খালিয়াজুরী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) উজ্জল হোসেন বলেন, "আমি বর্তমানে জেলা অফিসে মিটিংয়ে রয়েছি।বজ্রপাতে তিনজন নিহতের খবর পেয়েছি।উপজেলা প্রশাসনের পক্ষ থেকে ক্ষতিপূরণ প্রদানের উদ্যোগ নেওয়া হচ্ছে।"

বজ্রপাত নিহত আহত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:24

URL: https://www.timestodaybd.com/public/mymensingh/775807858